



Reg. No.Dha-0462

বাংলাদেশ মহিলা পরিষদ

BANGLADESH MAHILA PARISHAD

SUFIA KAMAL BHABAN

10/B/1, SEGUN BAGICHA, DHAKA-1000

Phone 9582182, Fax 9563529, website: www.mahilaparishad.org

E-mail: info@mahilaparishad.org, mparishad@gmail.com

NGOs in consultative status with the Economic and Social Council [ECOSOC] of the United Nations

তারিখ: ০৪.০৮.২০২২

বরাবর

বার্তা সম্পাদক সমীপে

দৈনিক পত্রিকা ও টেলিভিশন চ্যানেল

সংবাদ প্রকাশ ও সংবাদ প্রচারার্থে।

বিষয়: কুষ্টিয়া থেকে ঢাকাগামী ঈগল পরিবহণের যাত্রীবাহী নৈশ বাসে ডাকাতি ও এক নারীকে দলবদ্ধ ধর্ষণের ঘটনায় গভীর উদ্বেগ প্রকাশ করে ঘটনার সাথে জড়িতদের শনাক্তকরণপূর্বক দ্রুত গ্রেফতার, সুষ্ঠু ও নিরপেক্ষ তদন্ত সাপেক্ষে দৃষ্টান্তমূলক শাস্তিসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের দাবিতে বাংলাদেশ মহিলা পরিষদের বিবৃতি।

অদ্য ৪ আগস্ট, ২০২২ তারিখ বিভিন্ন দৈনিক পত্রিকায় প্রকাশিত সংবাদ মাধ্যমে জানা যায় যে- কুষ্টিয়া জেলার দৌলতপুর উপজেলার প্রাগপুর থেকে ঢাকাগামী ঈগল পরিবহণ যাত্রীবাহী নৈশ বাসে ডাকাতি ও এক নারীকে দলবদ্ধ ধর্ষণের ঘটনা ঘটেছে। ঘটনা সূত্রে জানা যায়, গত ২ আগস্ট, ২০২২ তারিখ কুষ্টিয়ার প্রাগপুর থেকে ২৫-৩০ জন যাত্রী নিয়ে ঈগল পরিবহণের বাসটি ঢাকার উদ্দেশ্যে রওনা দেয়। বাসটি সিরাজগঞ্জের কাছাকাছি দিবারাত্রি হোটেলে খাবারের জন্য বিরতি দেয়। বিরতি শেষে যাত্রা শুরু করলে পথে কাঁধে ব্যাগ বহনকারী ১০-১২ জন তরুণ ঐ যাত্রীবাহী বাসে ওঠে। বাসটি বঙ্গবন্ধু সেতু পার হওয়ার পর যাত্রীবেশে থাকা তরুণেরা অস্ত্রের মুখে একে একে যাত্রীদের সবাইকে চোখ ও মুখ বেঁধে ফেলে চালককে জিম্মি করে বাসের নিয়ন্ত্রণ নিয়ে নেয় এবং সব যাত্রীর কাছ থেকে মুঠোফোন, টাকা, স্বর্ণালংকার লুটে নেয়। এ সময় বাসে থাকা এক নারী যাত্রীকে ৪ তরুণ মিলে দলবদ্ধ ধর্ষণ করে। পরে পথ পরিবর্তন করে টাঙ্গাইল ময়মনসিংহ সড়কের মধুপুর উপজেলার রক্তিপাড়া জামে মসজিদের রাস্তার পাশে বালুর টিবিতে বাসটি কাত করে রেখে ডাকাত দলের সদস্যরা সেখান থেকে পালিয়ে যায়। এ ঘটনায় বাসের এক যাত্রী টাঙ্গাইলের মধুপুর থানায় মামলা দায়ের করেছেন এবং ঘটনার শিকার ঐ নারীকে মধুপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়েছে।

আমরা গভীর উদ্বেগের সাথে লক্ষ্য করছি, গণপরিবহণ, রাস্তাঘাটসহ সর্বত্র নারী ও কন্যার প্রতি সংঘটিত সহিংসতার ঘটনা আশঙ্কাজনক পর্যায়ে পৌঁছেছে। রাস্তাঘাট, গণপরিবহণে নারী ও শিশুর নিরাপত্তা চরমভাবে বিঘ্নিত হচ্ছে এবং আইন শৃঙ্খলা পরিস্থিতিকে চরমভাবে প্রশ্রবদ্ধ করছে।

চলন্ত বাসে ডাকাতি, নারী যাত্রীকে দলবদ্ধ ধর্ষণের ঘটনায় বাংলাদেশ মহিলা পরিষদ গভীরভাবে উদ্ভিন্ন ও ক্ষুব্ধ। বাংলাদেশ মহিলা পরিষদ যাত্রীবাহী নৈশ বাসে ডাকাতি ও নারীকে দলবদ্ধ ধর্ষণের ঘটনার সাথে জড়িতদের শনাক্তকরণপূর্বক দ্রুত গ্রেফতার, সুষ্ঠু ও নিরপেক্ষ তদন্ত সাপেক্ষে দৃষ্টান্তমূলক শাস্তি ও ঘটনার শিকার যাত্রীদের সুচিকিৎসা ও নিরাপত্তা নিশ্চিতকরণে দাবি জানাচ্ছে।

গণপরিবহণে নিরাপদ যাত্রী পরিবহণ ও সড়কের নিরাপত্তা নিশ্চিতকল্পে মালিক ও পরিবহণ সংশ্লিষ্টদের দায়বদ্ধতা নিশ্চিতকরণে দাবি জানাচ্ছে। সেই সাথে যত্রতত্র গণপরিবহণে যাত্রী ওঠানো বন্ধসহ এ ধরনের লোমহর্ষক ঘটনার পুনরাবৃত্তি বন্ধে নিরাপদ সড়ক নিশ্চিতকল্পে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের বিষয়ে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী ও সড়ক পরিবহণ ও সেতু মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছে।

বিবৃতিতে স্বাক্ষর করেন-

ডা. ফওজিয়া মোসলেম
সভাপতি
কেন্দ্রীয় কমিটি
বাংলাদেশ মহিলা পরিষদ

মালেকা বানু
সাধারণ সম্পাদক
কেন্দ্রীয় কমিটি
বাংলাদেশ মহিলা পরিষদ